

কোভিড : প্রকৃতির প্রতিশোধ নাকি ঘরে ফেরার ডাক

করোনা ভাইরাস , কোভিড এখন এক বহু প্রচলিত নাম।গোটা বিশ্ব সন্ত্রস্ত হয়ে আছে এই মারণ ব্যাধির ভয়ে।প্রতিদিন প্রচুর মানুষ আক্রান্ত হচ্ছেন,প্রচুর মানুষের মৃত্যু হচ্ছে। আর এই সংক্রমণ রুখতে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন।

এই কোভিড পরিস্থিতিকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখা যেতে পারে।আমরা আমাদের প্রত্যেক দিনের কর্মকাণ্ডে এতটাই ব্যস্ত ছিলাম যে পরিবারের জন্য এমনকি নিজের জন্যও আমাদের কাছে কোনো সময়ই ছিল না।এমন এক পরিস্থিতির উদ্ভব না হলে আমরা হয়তো পরিবারের সাথে এতটা সময় কাটানো যায় বা নিজেকে এতটা সময় দেওয়া যায় তা জানতেও পারতাম না।কাজের জগৎ এর বাইরে আমাদের নিজেদের যে একটা জগৎ আছে তা তো ভুলতেই বসেছিলাম আমরা।প্রত্যেক দিনের কর্মব্যস্ত গতিময় জীবনে আমরা সকলে কেমন যেনো হারিয়ে যাচ্ছিলাম। এর ফলে একটা অদৃশ্য দূরত্বও তৈরি হয়েছিলো।যার ফলে নিজেদের লোকের সাথেই ক্রমেই দূরত্ব বেড়েই যাচ্ছিল।

এই কোভিড পরিস্থিতির সম্মুখীন হওয়ার এটাও একটা কারণ হতে পারে।প্রকৃতি চাইছেন এবার ঘরে ফিরুক সকলে।এই কর্মমুখর জীবন থেকে জীবনকে একটু বিশ্রাম দিয়ে নিজেকে একটু সময় দেওয়ার জন্য।

আবার অন্যভাবে দেখতে গেলে প্রকৃতি মায়ের ওপর যে অকথ্য অত্যাচার আমরা করেছি তার ফলও হতে পারে।পৃথিবী তো বলেছিলো তার কষ্টের কথা আমরাই শুনতে পাইনি বা হয়তো শুনতে চাইনি।নানা সময় নানা রকম ভাবে পৃথিবী আমাদের জানাতে চেয়েছে কিন্তু আমরা পাত্তা দিইনি।পৃথিবীর বন্ধু হিসেবে,পৃথিবীকে মানুষের হাত থেকে রক্ষা করার জন্যই হয়তো কোভিড এর জন্ম।

একটু ভেবে দেখতে গেলে এই যে প্রবল বন্যা,জ্বলন্ত আগ্নেয়গিরি,দানবীয় ঝড় এই সব কিছুর মধ্যে দিয়েই তো প্রকৃতি আমাদের জানতে চেয়েছিল।কিন্তু একবারও তার কথা শুনতেও চাইনি।যার ফলস্বরূপ আমরা দূষণ করেই গেছি।এই দূষণের কারণে কত সামুদ্রিক মাছ মারা গেছে,হিমবাহ গলেছে চরম গতিতে,ওজন স্তরের কত ক্ষতিই না হয়েছে।তাও আমরা প্রকৃতিকে রেহাই দিইনি।

এই কোভিড পরিস্থিতি আমাদের গৃহবন্দি করেছে।দূষণ ছড়ানো থেকে আটকেছে।প্রকৃতির কথা শুনতেও বাধ্য করেছে মানব প্রজাতিকে।এতদিন শুধু মানব জাতির কর্ম কাণ্ডের কারণে প্রকৃতির অস্তিত্ব রক্ষার লড়াই ছিল বিদ্যমান

কিন্তু এখন মানব প্রজাতির সামনেও নিজের অস্তিত্ব রক্ষার চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছে বর্তমান পরিস্থিতি।

প্রকৃতির এতদিনের অবস্থার সাথে মানুষের এখনকার পরিস্থিতির তুলনা করতে গিয়ে বলাই যায়, কোরোনা মানুষকে জ্বর দিচ্ছে যেমন করে পৃথিবীর বুকে আগ্নেয়গিরি জ্বলে, কোরোনা মানুষকে শ্বাসকষ্ট দিচ্ছে যেমন করে বিভিন্ন কলকারখানা থেকে নির্গত ধোঁয়া ছড়িয়েছে প্রকৃতির বুকে।

প্রকৃতির এই অসহনীয় কষ্ট গুলি আমরা কখনো দেখার চেষ্টাই করিনি। হয়তো সেই কারণেই এই পরিস্থিতি শুধুই মানুষকে শাস্তি দিতে আসেনি এসেছে প্রকৃতির হয়ে প্রতিশোধ নিতে। প্রকৃতির ওপর মানব প্রজাতি যা যা করেছে সেই সমস্ত কিছুর উচিত জবাব দিতে বা সেই সমস্ত কিছুর উচিত শাস্তি দিতেই হয়তো এই কোভিড এর উদ্ভব।